

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৭৬

আগরতলা, ২০ মে, ২০২৪

তুলাশিখর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে যমজ শিশুর স্বাভাবিক প্রসব

খোয়াই জেলার তুলাশিখর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে গতকাল যমজ শিশুর স্বাভাবিক প্রসব হয়েছে। তুলাশিখর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের অধীন বাদলাবাড়ি আয়ুর্মান আরোগ্য মন্দির এলাকার তুইবাগলাই পাড়ার বাসিন্দা রাজকিশোর দেববর্মার স্ত্রী বীণারানী দেববর্মা (২৬) প্রসব বেদনায় কাতর হয়ে পড়লে গতকাল এলাকার আশাকর্মা সুলেখা দেববর্মা বীণারানী দেববর্মাকে তুলাশিখর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে আসেন। স্বাস্থ্যকেন্দ্রের চিকিৎসকের তত্ত্বাবধানে বীণারানী দেববর্মাকে ভর্তি করা হয়। স্বাস্থ্যকেন্দ্রের চিকিৎসক ডাঃ রিনি দেববর্মা প্রসূতি মায়ের পরীক্ষা করে দেখতে পান জরায়ুর ভেতরে দুটি শিশুই উল্টোভাবে রয়েছে। এদিকে প্রসূতি মায়ের শরীরের হিমোগ্লোবিনের পরিমাণও কম ছিল। তখন সামান্য ঝুঁকি থাকা সত্ত্বেও এই স্বাস্থ্যকেন্দ্রেই তড়িঘড়ি স্বাভাবিক প্রসব করানোর জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়। স্বাস্থ্যকেন্দ্রের চিকিৎসক ডাঃ রিনি দেববর্মা স্বাস্থ্যকর্মীদের সঙ্গে নিয়ে পরপর দুটি ফুটফুটে কন্যা সন্তানের স্বাভাবিক প্রসব করান। দ্বিতীয় শিশুটির প্রসব সামান্য ঝুঁকিপূর্ণ থাকলেও চিকিৎসক দ্বিতীয় কন্যা সন্তানটির স্বাভাবিক প্রসব করতে সক্ষম হন। দুটি কন্যা সন্তানের ওজন ছিল ২.৪ কেজি করে। বর্তমানে মা ও দুটি শিশুই সম্পূর্ণ সুস্থ রয়েছে। প্রসবের পর স্বাস্থ্যকেন্দ্র থেকে মা ও শিশুকে বিনামূল্যে সুরক্ষা কিট প্রদান করা হয়। এই ঝুঁকিপূর্ণ সফল স্বাভাবিক প্রসবে ডাঃ রিনি দেববর্মাকে সহায়তা করেন স্বাস্থ্যকেন্দ্রের নার্সিং অফিসার বিমলা দেববর্মা। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তরের ভারপ্রাপ্ত অধিকর্তা এক প্রেস রিলিজে এই সংবাদ জানিয়েছেন।
